

## শ্রীশ্রীহরি সঙ্গীত

২৫

- ১। যদি স্বভাব ঘুচে যায়, অভাব নাহি রয়  
প্রেমে তনু ডগমগ হরি তারে চায়,  
যেমন বৎসের পিছে গাভী বেড়ায়, সদায় করে হাষারব।।
- ২। স্বভাব দোষ এমনি অলক্ষ্মী, শুন তার সাক্ষী  
শ্রীরাম লক্ষ্মণ পেয়েছিল মাছরাঙ্গা পাখী,  
পাখী জানলনা তার মাহাত্ম্য কি, নিল মাছধরা বর ত্যজে সব
- ৩। স্বভাব দোষ এমনি কুলক্ষণ, তার সাক্ষী কপিগণ  
বনে বসি শ্রীরাম শশী পেল সর্বজন,  
শেষে রাবণ মারি লক্ষাপুরী, হ'ল রাম ত্যজে নারী বল্লভ।
- ৪। হনুমান স্বভাব ঘুচায়, পঞ্চজন ল'য়ে  
শ্রীরামপদে মনকে প্রাণ সপিয়ে, পেল রামপদ পল্লব।।
- ৫। গৌসাই গুরুচাঁদ বলে, স্বভাব ঘুচিলে  
শঙ্করের হৃদিনিধি হরিধন মিলে,  
অশ্বিনী তোর এই কপালে, ঘটবে কি সেই গৌসাইর ভাব।।

### ৩৩ নং তাল-একতালা

হরিনাম সুধাপানে, পানে যে মেতেছে।

হ'য়ে নামেমত্ত, পেয়ে তত্ত্ব, জন্ম মৃত্যু এড়ায়েছে  
(হারে জয় করেছে।।)

- ১। করে সমুদ্র মস্থন, সুধা খেল দেবগণ,  
তাঁরা জন্ম মৃত্যু এড়াইতে নারিল কখন।  
হরিনাম সুধা পান যে করেছে, কোটি ব্রহ্মার পতন  
সেই দেখেছে। (হারে সেই দেখেছে)
- ২। হরিনাম শুধু সুধা নয়, প্রেম মধু নিস্কাম কর্পুর তায়,

\* প্রত্যহ শ্রীশ্রীহরিলীলামৃত গ্রন্থ পাঠ করুন।